FOR GE STUDENT ONIY [ 2ND SEM ]

# STUDY MATERIAL/CLASS NOTE NO – 01

## *E*- LEARNING RESOURCES/ BHATTER COLLEGE,DANTAN

**SUBJECT- POLITICAL SCIENCE GENERAL**

**CLASS - B.A. HONOURS 2ND SEMESTER [CBCS]**
**GENERIC ELECTIVE [ GE ] STUDENT**

**NAME – PROF. LAKSHMAN BHATTA**

**TOPIC – DEMOCRATIC DECENTRALISATION**

**PAPER - GE -2 GOVERNANCE ; ISSUES AND CHALLENGES [GE2T ]**

**UNIT-4 - LOCAL GOVERNANCE**

**A] DEMOCRATIC DECENTRALISATION বা গনতান্ত্রিক বিকেন্দ্রীকরণ।**

**SOURCE ;**

**1 ] ভারতের শাসন**ব্যবস্থা ও রাজনীতি – এ . মহাপাত্র।

**2] LOCAL SELF GOVERNMENT AND MUNICIPAL ADMINISTRATION – J. K. CHOPRA**

## Democratic Decentralization বা গনতান্ত্রিক বিকেন্দ্রীকরণ।

বর্তমানে গণতন্ত্র হলো বিশ্ববন্দিত একটি ব্যবস্থা। গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় স্থানীয় স্বায়ত্তশাসন এর অপরিহার্যতা অনস্বীকার্য। অনেকে গণতন্ত্রের সূতিকাগার হিসেবে এই স্থানীয় স্বায়ত্তশাসন এর কথা বলেন।স্বায়ত্তশাসন এর কোন বিকল্প নেই বা সুশাসনের বিকল্প হতে পারে না। এই কারণে প্রতিটি গণতান্ত্রিক রাষ্ট্রে স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থা ব্যাপকভাবে স্বীকৃতি পেয়েছে ।

এই স্বানীয় স্বায়ত্ত শাসনব্যবস্থার মধ্যে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ হলো একটি মহৎ রাজনীতির আদর্শ। সাম্প্রতিক সমাজবিজ্ঞানীদের অনুসারে তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশগুলোর ক্ষেত্রে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ ও এই সমস্ত দেশে স্থানীয় মানুষের অংশগ্রহণ ও নিয়ন্ত্রণের পরিপ্রেক্ষিতে গনতান্ত্রিক বিকেন্দ্রীকরণ বিষয়টি বিবেচনা করা আবশ্যক। গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ হল একটি রাজনৈতিক আদর্শ। স্থানীয় স্বায়ত্তশাসন হলো গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর প্রাতিষ্ঠানিক রূপ অর্থাৎ স্থানীয় স্বায়ত্তশাসন এর তাত্ত্বিক ভিত্তি হলো গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ ।গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের তত্ত্বের পরিপ্রেক্ষিতে স্থানীয় স্বায়ত্তশাসন এর ধারণা বিকশিত হয়েছে এ বিষয়ে ইকবাল নারায়ন তার দা আইডিয়া অফ ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেশান শীর্ষক গ্রন্থে বিস্তারিত আলোচনা করেছেন।

# গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের অর্থ

গণতান্ত্রিক রাজনৈতিক ব্যবস্থার অন্যতম অপরিহার্য বৈশিষ্ট্য হলো ক্ষমতার বিকেন্দ্রীকরণ। ক্ষমতার বিকেন্দ্রীকরণ এমনভাবেহওয়া দরকার যাতে স্থানীয় অধিবাসীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি তাদের নিজেদের দ্বারা পরিচালিত হওয়ার সুযোগ সৃষ্টি হয়।গণতান্ত্রিক রাজনৈতিক আদর্শ অনুযায়ী ক্ষমতা এক জায়গায়কেন্দ্রীভূত না হয়বিকেন্দ্রীভূত হবে ।রাজনৈতিক ও প্রশাসনিক ক্ষমতা স্থানীয় স্তরে সর্বসাধারণের হাতে থাকবে স্থানীয় মানুষ নিজেরাই সরাসরি অংশগ্রহণ করে নিজেদের সমস্যার মোকাবেলা করবে এবং স্থানীয় কাজকর্ম পরিচালনা করবে। এইভাবে সর্বসাধারণের সরাসরি অংশগ্রহণের মাধ্যমে রাজনৈতিক ব্যবস্থার সর্বোচ্চ পর্যায়ের মত তৃনমূল ক্ষেত্রেও গণতান্ত্রিক সরকারের সৃষ্টি হবে। অর্থাৎ তৃণমূল স্তরে গণতান্ত্রিক গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত করতেও সম্প্রসারিত করা হলো গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ।

গণতান্ত্রিক ধারণা অনুযায়ী উচ্চ পর্যায় থেকে নিম্ন পর্যায় পর্যন্ত হবে ক্ষমতাসুবিন্যাস্ত ভাবে ন্যাস্তহবে। ক্ষমতার এই বিন্যাস ও বিকেন্দ্রীকরণ এমন ভাবে ঘটবে যাতে স্থানীয় অধিবাসীদের অংশগ্রহণের মাধ্যমে স্থানীয় সরকার গড়ে উঠবে এবং এই সরকার স্থানীয় ক্ষেত্রে ক্ষমতা ও কর্তৃত্ব কার্যকর করবে। তবে ক্ষেত্র বিশেষে কেন্দ্রীয় সরকার উপদেশ স্থানীয় সরকারের উপর তদারকি ও নিয়ন্ত্রণ করবে। তৃণমূল স্তরে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর প্রাতিষ্ঠানিক রূপ হল স্থানীয় স্বায়ত্তশাসন। স্থানীয় স্বায়ত্তশাসন এর উদ্দেশ্য সর্ব নিম্ন স্তরেপ্রতিযোগিতামূলক সরকারের কাজকর্মে স্থানীয় মানুষকে অংশগ্রহণের সুযোগ করে দেওয়া এবং গণতন্ত্রকে অর্থবহ করে তোলা।গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ বা স্থানীয় স্বায়ত্তশাসন হল তৃণমূল স্তরের গণতন্ত্র।

# বিকেন্দ্রীকরণ ধারণা

বিকেন্দ্রীকরণ বলতে একটি বিশেষ প্রক্রিয়াকেবোঝায়।এই প্রক্রিয়ার মাধ্যমে সরকার তার কিছু দায়িত্ব ও কর্তব্য নিজেরথেকে সরিয়ে অন্য কোন কর্তৃপক্ষের উপর ন্যস্ত করে অর্থাৎ সরকার কিছু দায়িত্ব সম্পাদনের ক্ষমতা নিম্ন কতৃপক্ষকে সংস্থাকে প্রদান করবে।বিকেন্দ্রীকরণের মাধ্যমে স্থানীয় স্তরে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষের স্বাধীনতা মোটামুটি স্বীকৃত।

# বিকেন্দ্রীকরণ ও গণতন্ত্র

আদর্শ গণতান্ত্রিক শাসন ব্যবস্থা হল বর্তমান বিশ্বের সর্বোচ্চ শাসন ব্যবস্থা। এই ধরনের শাসন ব্যবস্থায় গণতান্ত্রিক আদর্শের ব্যবহারিক প্রয়োগ ঘটে।অর্থাৎ প্রশাসনিক সাংগঠনিক কাঠামোতে গণতান্ত্রিক ধ্যান-ধারণাকে কার্যকর করা হয় এবং এর মধ্যেই নিহিত আছে বিকেন্দ্রীকরণের ধারণা।

# গনতান্ত্রিক বিকেন্দ্রীকরণ ও প্রশাসনিক বিকেন্দ্রীকরণ

প্রশাসনিকবিকেন্দ্রীকরণ হল কেন্দ্রীকরণ এর বিপরীত অবস্থা।বিকেন্দ্রীকরণের মাধ্যমে মানুষকে প্রশাসনিক প্রক্রিয়ার সঙ্গে সংযুক্ত করা ।গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর ধারণা গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ একটি রাজনৈতিক দল হিসেবে পরিগণিত। এ দিক থেকে বিচার করলে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর মাধ্যমে ক্ষমতার উপর থেকে নিচের দিকেসরিয়েদেওয়ার কথা বলা হয়। এর উদ্দেশ্য হল জনগণের অংশগ্রহণ কর্তৃত্ব স্বাতন্ত্র্যের ক্ষেত্রকে সম্প্রসারিত করা। তবে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর মূলকথা হলো সরকারের ক্ষমতা কাঠামো সম্পর্কিত সনাতন দৃষ্টিভঙ্গির মৌলিক পরিবর্তন এবং ক্ষমতা সম্পর্কে সম্পর্কের ব্যাপারে চলে আসা ধারণা রূপান্তর সাধন।

গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ ধারণার  হলো ক্ষমতার বিকেন্দ্রীকরণ ।ক্ষমতার বিকেন্দ্রীকরণকে গণতান্ত্রিক বলা হয় কারণ যে উৎস থেকে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়।সেই উৎসটি গণতান্ত্রিক ভিত্তির উপর প্রশাসনিক বিকেন্দ্রীকরণ ও গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ।

এ প্রসঙ্গে প্রশাসনিক বিকেন্দ্রীকরণ এবং প্রশাসনিক বিকেন্দ্রীকরণের সঙ্গে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর পার্থক্য আলোচনা করা আবশ্যক। প্রশাসনিক ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশাসনিক বিকেন্দ্রীকরণ এর কথা বলা হয়।কার্যক্ষেত্রে উদ্যোগ-আয়োজনকাজকর্মের গতি ও দক্ষতা বৃদ্ধির মূল উদ্দেশ্য বিশেষত শাসনব্যবস্থানিম্নস্তরেরবিকেন্দ্রীকরণেরপ্রয়োজনীয়তার উপর জোর দেওয়াহয়।প্রশাসনিক বিকেন্দ্রীকরণের ক্ষেত্রে অধস্তনদের হাতে ক্ষমতা অর্পণের কথা বলা হয়।এর উদ্দেশ্য হলো ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তকে দক্ষতার সঙ্গে কার্যকর করার ব্যবস্থা করা কিন্তু প্রশাসনিক নীতি নির্ধারণের বিষয়টি কেন্দ্রীভূত থাকে

অপরদিকে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর বক্তব্য এর মধ্যে সীমাবদ্ধ নয়। গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর ক্ষেত্রে জনসাধারণকে স্থানীয় প্রশাসনের সঙ্গে সংযুক্ত করার কথা বলা হয়।নীতিনির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ এবং সিদ্ধান্ত কে কার্যকর করার ব্যাপারে উদ্যোগ আয়োজন এর ক্ষেত্রে জনগণের অধিকারকে স্বীকার করা হয়।প্রকৃত প্রস্তাবে প্রশাসনিক বিকেন্দ্রীকরণের ক্ষেত্রে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এবং তাৎপর্য অনেকবেশি । গণতান্ত্রিক প্রক্রিয়ায় বিভিন্ন স্থানীয় কর্তৃপক্ষের সৃষ্টি করা হয়, এই সমস্ত স্থানীয় কর্তৃপক্ষের হাতে যে সমস্ত ক্ষমতা ও কার্যাবলী ন্যস্ত থাকে তা স্থানীয় প্রকৃতির ।এই স্থানীয় সংস্থা কে নিয়েই গড়ে উঠেছে গণতান্ত্রিক সরকারের মূল কাঠামো।গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ ও স্থানীয় স্বায়ত্তশাসিত সরকার এই দুই ধরনের মধ্যে গভীর সংযোগ আছে। গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর উদ্দেশ্য হল হলস্বায়ত্তশাসন গণতান্ত্রিক করে তোলা ।গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এর মাধ্যমে স্থানীয় সিদ্ধান্তের উপর গুরুত্ব আরোপ করা হয়। স্থানীয় কর্তৃপক্ষের নিজেদের ক্ষমতা প্রয়োগের অধিকার এবং নিজেদের সিদ্ধান্ত কার্যকর করার সুযোগ দিতে হবে অন্যথায় সীমাবদ্ধ স্থানীয় স্বায়ত্তশাসন সম্ভব নয়।

ইকবাল নারায়ণের অনুয়ায়ী গনতান্ত্রিক বিকেন্দ্রীকরণ হল একটি রাজনৈতিক আদর্শ এবং স্থানীয় স্বায়ত্তশাসিত সরকার হল তার প্রাতিষ্ঠানিক রূপ। (Democratic decentralization is a political idea and local self -government is its institutional from.)